

ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافر(ٱلْمُؤُمنِ)

আয়াতঃ ৪০:৩০

💵 আরবি মূল আয়াত:

وَ قَالَ الَّذِي أَمَنَ يُقُومِ إِنِّي آخَافُ عَلَيكُم مِّثلَ يَومِ الاَحزَابِ ﴿٣٠﴾

🗚 আনুবাদসমূহ:

আর যে ব্যক্তি ঈমান এনেছিল সে আরো বলল, 'হে আমার সম্প্রদায়, নিশ্চয় আমি তোমাদের ব্যাপারে পূর্ববর্তী দলসমূহের দিনের অনুরূপ আশঙ্কা করি'; — আল-বায়ান

যে লোকটি ঈমান এনেছিল সে বলল- হে আমার জাতির লোকেরা! আগের জাতিগুলোর উপর যেমন (শাস্তির) দিন এসেছিল, আমি তোমাদের উপরও সে রকম (বিপর্যয়ের) আশঙ্কা করছি — তাইসিরুল

মু'মিন ব্যক্তিটি বললঃ হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য পূর্ববর্তী সম্প্রদায়সমূহের শাস্তির দিনের অনুরূপ দুর্দিনের আশংকা করি – মুজিবুর রহমান

And he who believed said, "O my people, indeed I fear for you [a fate] like the day of the companies - — Sahih International

৩০. যে ঈমান এনেছিল সে আরও বলল, হে আমার সম্প্রদায়! নিশ্চয় আমি তোমাদের জন্য পূর্ববর্তী দলসমূহের দিনের অনুরূপ আশংকা করি—

তাফসীরে জাকারিয়া

(৩০) বিশ্বাসী ব্যক্তিটি বলল, 'হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্য পূর্ববর্তী সম্প্রদায়সমূহের শাস্তির দিনের মত (দুর্দিনের) আশংকা করি।

তাফসীরে আহসানল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4163

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন